সোনালী ব্যাংক পিএলসি

গ্রেটার রোড শাখা, রাজশাহী।

অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ধারা ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স হামিম এন্টারপ্রাইজ এর মালিক মোঃ মাহাবুব হাসান, পিতাঃ মোঃ সাইফুদ্দিন, মাতাঃ সোনাবান বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ ১, ২, কেশবপুর, ভেড়িপাড়া, ডাকঘরঃ রাজশাহী কোর্ট, থানাঃ রাজপাড়া, জেলাঃ রাজশাহী, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ উত্তর বালিয়া, ডাকঘরঃ রাজশাহী কোর্ট, থানাঃ কাশিয়াডাঙ্গা, জেলাঃ রাজশাহী।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, গ্রেটার রোড শাখা, রাজশাহী, জেলাঃ রাজশাহী এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স হামিম এন্টারপ্রাইজ এর মালিক মোঃ মাহাবুব হাসান, পিতাঃ মোঃ সাইফুদ্দিন, মাতাঃ সোনাবান বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ ১, ২, কেশবপুর, ভেড়িপাড়া, ডাকঘরঃ রাজশাহী কোর্ট, থানাঃ রাজপাড়া, জেলাঃ রাজশাহী, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ উত্তর বালিয়া, ডাকঘরঃ রাজশাহী কোর্ট, থানাঃ কাশিয়াডাঙ্গা, জেলাঃ রাজশাহী এর নিকট ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত সিএমএসএমই ঋণের আরোপিত সুদসহ ব্যাংকের স্থিতি =১,০৯,৪১,০৪৩/৯৯ (কথায়ঃ এক কোটি নয় লক্ষ একচল্লিশ হাজার তেতাল্লিশ টাকা এবং পয়সা নিরানব্বই) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্ত ঋণ গ্রহীতার নিজ নামীয় এবং জামিনদাতা হিসেবে তার স্ত্রী, মোসাঃ হেলিনা খাতুন ইসমা এর নিজ নামীয় নিম্ন তফসিল ভুক্ত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। উক্ত সম্পত্তি বন্ধক দাতা কর্তৃক বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়া ব্যাংকের অনুকূলে নিবন্ধিত আমমোক্তার নামা সম্পাদন করিয়া দেওয়া আছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল-০১

জেলাঃ রাজশাহী, থানাঃ সাবেক পবা, হাল বোয়ালিয়া, মৌজাঃ গোয়ালপাড়া, জেএল নম্বরঃ সাবেক ৪২, হাল ৫২, হোল্ডিং নম্বরঃ ১৩১৭।

খতিয়ান নম্বর				দাগ নম্বর			জমির শ্রেণি	জমির পরিমাণ (একর)	মালিকানা
সিএস	এসএ	আরএস	প্রস্তাবিত	সিএস	এসএ	আরএস			
৩৫	২৭	৩১	১২২২	৭৫	৭৫	১১৮	বাড়ী	০.০৬৫৮	মোঃ মাহাবুব হাসান
							মোট=	০.০৬৫৮	

কথায়ঃ শূণ্য দশমিক শূণ্য ছয় পাঁচ আট একর জমি ও তদুপরিস্থিত অবকাঠামো।

স্থানীয় চৌহদ্দীঃ উত্তরঃ এ্যাড. মজিজুল হক, দক্ষিণঃ ৪০ ফিট প্রশস্ত সরকারী রাস্তা, পূর্বঃ মোঃ নাহিদ আক্তার নাহান, পশ্চিমঃ আজাহার আলী দিং।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল-০২

জেলাঃ রাজশাহী, থানাঃ পবা, মৌজাঃ মধুপুর, জেএল নম্বরঃ ৩৯, হোল্ডিং নম্বরঃ ৩৭৬৫।

খতিয়ান নম্বর				দাগ নম্বর			জমির শ্রেণি	জমির পরিমাণ (একর)	মালিকানা
সিএস	এসএ	আরএস	প্রস্তাবিত	সিএস	এসএ	আরএস			
৬১৩	৭২৯	৫৯৩	৪০২৬	১৭১২	১৭১২	২৬৩৪	ধানী	০.০৪৩৮	মোসাঃ হেলিনা খাতুন ইসমা
৬১৩	৭২৯	৫৯৩	৪০২৬	১৭১২	১৭১২	২৬৩৪	ধানী	০.০৭৬৮	
							মোট=	০.১২০৬	

কথায়ঃ শূণ্য দশমিক এক দুই শুন্য ছয় একর জমি ও তদুপরিস্থিত অবকাঠামো।

স্থানীয় চৌহদ্দীঃ উত্তরঃ মোঃ বাবলু, দক্ষিণঃ মোঃ সোহেল ও মোঃ আব্দুর রাজ্জাক, পূর্বঃ মোঃ সোহেল ও মোঃ আব্দুর রাজ্জাক, পশ্চিমঃ সাথি।

শর্তাবলী ঃ

১. আগামী ~~৩০/১১~~ ২০/১২/২০২৬ দুপুর ০৩.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, রাজশাহী তে রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ০৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২. দরপত্র দাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র দিতে পারিবে। তবে একই তফসিলের আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৩. ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে
৩.খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে
৩. গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে

চলমান পাতা-০২

৪. দাখিলকৃত দরপত্র উল্লিখিত অবশিষ্ট মূল্যে নির্ধারিত সময় সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্ত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি খরিদ করতে আহ্বান করা হইবে ; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদ নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ পরিশোধ করবেন দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্ত টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫. দরপত্রের বন্ধকীকৃত প্রস্তাব মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

৬. দরপত্র দাতার নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা ফোন নম্বর (যদি থাকে) উল্লেখ করিয়া দরপত্র দাখিল করিতে হইবে।

৭. দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮. দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

৯. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০. দরপত্র গৃহীত না হইলে দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)
মোবাইল ঃ ০১৩৩-৫০৬৭১৩২

এ,বি,এম, ইকবাল হোসেন
জি-৩৭১৫৯
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
শাখা প্রধান
সোনালী ব্যাংক পিএলসি
মেটার রোড শাখা, রাজশাহী